

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
(আইসিটি-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ২৪ মার্চ ২০১৪ খ্রিঃ

নং ৫৬.০০.০০০০.০২৫.২২.০০২.১৪-৩৬—সরকার তথ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষে “তথ্য নিরাপত্তা পলিসি গাইডলাইন” এর বাংলা ও ইংরেজী ভার্সন অনুমোদন করেছে। ইহা সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আর. এইচ. এম. আলাওল কবির  
সহকারী সচিব।

( ১২৫১৯ )

মূল্য : টাকা ৪৮.০০

## ১। প্রস্তাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার “রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ” বিনির্মাণে বন্ধপরিকর। এই লক্ষ্য অর্জন করিতে হইলে সকল সরকারি সংস্থাকে ই-গভর্নেন্স কাঠামোর আওতায় আনিতে হইবে। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/সংস্থা ও তাহাদের অধীন প্রতিষ্ঠানসমূহ ই-গভর্নেন্স বাস্তবায়নের কাজ করিতেছে। সরকারি কর্মপ্রক্রিয়ার উন্নয়ন ও সহজীকরণ এবং সরকারের সক্ষমতা বৃদ্ধি করাই ইহার উদ্দেশ্য। ইহা করিতে হইলে তথ্য ডিজিটালকরণ করিতে হইবে এবং সেই সকল ডিজিটালকৃত তথ্য এইরূপভাবে প্রক্রিয়া ও সংরক্ষণ করিতে হইবে যাহাতে তথ্যসমূহ হারাইয়া না যায় কিংবা ইহার অপব্যবহার না হয়। সাম্প্রতিককালে বাংলাদেশ তথ্য সুরক্ষা বিষয়ক কার্যপ্রণালির অভাব, দুর্বল ও অব্যবস্থাপনাজনিত নিরাপত্তা নিয়ন্ত্রণ ব্যবস্থা, স্বল্পদক্ষ কর্মচারী কর্তৃক ব্যবস্থাপনা পরিচালিত হওয়া এবং বিশেষায়িত জ্ঞান ও দক্ষতার অভাবসহ নানা কারণে একাধিকবার ওয়েব ডিফেইসমেন্ট, তথ্য বিপর্যয়, তথ্য চুরি, ডিসট্রিবিউটেড ডিনাইয়াল অব সার্ভিস ইত্যাদির মাধ্যমে সাইবার আক্রমণের শিকার হইয়াছে। এইসব আক্রমণের বিরুদ্ধে ডিজিটালকৃত সরকারি তথ্য সম্পদ সুরক্ষার লক্ষ্যে পর্যাপ্ত প্রতিরোধক, নিরোধক, অনুসন্ধানী ও প্রশাসনিক নিরাপত্তামূলক ব্যবস্থা নাই। তাই ডিজিটালকৃত সরকারি তথ্য সম্পদে অননুমোদিত অনুপ্রবেশ রোধ করিতে সঠিক নিরাপত্তা পলিসি ও বাস্তবায়ন কৌশল প্রণয়ন অপরিহার্য। এই দলিলটি সেই সকল সংস্থার জন্য প্রণীত হইয়াছে যাহারা তাহাদের ডিজিটালকৃত তথ্য সাইবার স্পেসে সুরক্ষা করিবার উদ্দেশ্যে নিজস্ব তথ্য নিরাপত্তা কৌশল প্রণয়ন করিতে চাহে। দলিলটি সেই সকল সংস্থার জন্য একটি সহায়ক নির্দেশনাপত্র হিসাবে কাজ করিবে।

## ২। ভূমিকা

(১) তথ্য একটি সংস্থার সর্বাধিক মূল্যবান সম্পদ। প্রবেশাধিকারের বিবেচনায় তথ্যের বিভিন্ন প্রকারভেদ রহিয়াছে। কিছু তথ্য উন্মুক্ত আবার কিছু তথ্য গোপনীয়। গোপনীয়তার মাত্রার ভিত্তিতে তথ্যে প্রবেশাধিকারেরও বেশ কয়েকটি পর্যায় রহিয়াছে; যেমন কিছু তথ্য কোনো রকম প্রমাণীকরণ ছাড়াই সর্বসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত; কিছু তথ্য একক-উৎস কর্তৃক প্রমাণীকরণ সাপেক্ষ; কিছু তথ্যের জন্য প্রয়োজন একাধিক প্রমাণীকরণ; আবার কিছু তথ্য প্রতিষ্ঠানের নিজস্ব; কিছু তথ্য অতি গোপনীয় যাহা প্রতিষ্ঠানের নির্দিষ্ট কিছু লোক ব্যবহার করিয়া থাকে। সুতরাং একটি সংস্থার তথ্য ও তাহাতে প্রবেশাধিকার বিষয়ে স্বচ্ছ ধারণা থাকা অত্যাবশ্যক। তথ্য নিরাপত্তা পলিসি প্রণয়নের পূর্বে সংস্থার তথ্যসমূহ সঠিকভাবে যাচাইয়ের মাধ্যমে শ্রেণিবিন্যাস করা প্রয়োজন।

(২) সকলের জন্য তথ্যের উন্মুক্ত ক্ষেত্র হইল ইন্টারনেট। ইন্টারনেট ও অন্যান্য প্রযুক্তি, যেমন-হস্তে ধারণযোগ্য (Hand-held) যন্ত্র, মোবাইল প্রযুক্তি, ট্যাবলেট পিসি, বেতার প্রযুক্তি তথ্যকে সহজলভ্য ও সাশ্রয়ী করিয়াছে। অন্যদিকে দেশে বিশৃঙ্খলা সৃষ্টির হাতিয়ার হিসেবে তথ্য ব্যবহৃত হইতে পারে। সুতরাং ইন্টারনেটে প্রদত্ত তথ্য সম্পর্কে সংস্থাকে দায়িত্বশীল ভূমিকা পালন করিতে হইবে। আবার ইন্টারনেটে প্রদত্ত তথ্য ছাড়াও সংস্থাকে বিভিন্ন মাধ্যমে সঞ্চালিত ও সঞ্চিত তথ্য সম্পর্কেও সতর্ক থাকিতে হইবে, যেমন-ইন্ট্রানেট বা ল্যান (LAN)-এ সঞ্চালিত তথ্য বা ক্লাউড (Cloud) এ কিংবা অভ্যন্তরীণ তথ্যভান্ডার (Database) বা কম্পিউটারে (PC) সঞ্চিত তথ্য।

(৩) এই নির্দেশনাপত্রে যাহা রহিয়াছে তাহা হইল:

- ক. বিভিন্ন পরিভাষার (Terminology) সংক্ষিপ্ত বিবরণ (Illustration) যাহা তথ্য নিরাপত্তা পলিসি প্রণয়নের জন্য জানা প্রয়োজন,
- খ. এই নির্দেশনাপত্রের উদ্দেশ্য,
- গ. এই নির্দেশনাপত্রের পরিধি (Scope),

- ঘ. তথ্যের শ্রেণিকরণ এবং তথ্যের বিভিন্ন অবস্থা,
- ঙ. তথ্যের সত্ত্বাধিকারী ও তথ্য রক্ষকের ভূমিকা ও দায়িত্ব,
- চ. তথ্য নিরাপত্তা কৌশল,
- ছ. সম্ভাব্য ঝুঁকি, বিপদের আশঙ্কা ও দুর্বল স্থান চিহ্নিতকরণ,
- জ. ঝুঁকি, বিপদের আশঙ্কা ও দুর্বলস্থান পরিমাপকরণ,
- ঝ. তথ্য সংরক্ষণে নিরাপত্তা নিয়ন্ত্রণ সংযোগ করিবার প্রণালি,
- ঞ. তথ্য নিরাপত্তার আইনগত বিষয়সমূহ,
- ট. তথ্য নিরাপত্তাবিষয়ক ব্যবস্থাপনা পদ্ধতি (ISMS) প্রতিষ্ঠায় অনুসৃত মানদণ্ড,
- ঠ. তথ্য নিরাপত্তার জন্য অডিট করানোর গুরুত্ব,
- ড. পরিবীক্ষণ ও উন্নয়ন,
- ঢ. সংস্থা হিসাবে প্রত্যয়ন,
- ণ. আকস্মিক ঘটনা নিয়ন্ত্রণ ও বিপর্যয় হইতে পরিত্রাণের উপায়,
- ত. পরিপূরণ ও পুনর্বহাল কৌশল,
- থ. কার্যক্রমে ধারাবাহিক পরিকল্পনা,
- দ. তথ্য নিরাপত্তা পলিসির নমুনা।

### ৩। পলিসি গাইডলাইন অনুসরণ ও বলবৎকরণ

(১) বাংলাদেশ সরকারের পক্ষে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় এই নির্দেশনাপত্রটির সত্ত্বাধিকারী হইবে। এই মন্ত্রণালয় নির্দেশনাপত্রটির বাস্তবায়ন পরিবীক্ষণ বা তদারিক করিবে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, কন্ট্রোলার অফ সার্টিফাইং অথরিটি (CCA) ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন যৌথভাবে এই নির্দেশনাপত্রের বাস্তবায়ন সমন্বয় করিবে।

(২) বাংলাদেশ সরকারের সকল সংস্থাকে এই নির্দেশনাপত্র কার্যকর হইবার ছয় মাসের মধ্যে তাহাদের নিজ-নিজ তথ্য নিরাপত্তা পলিসির প্রণয়ন ও উহার বাস্তবায়ন করিতে অনুরোধ করা হইবে। এই দলিল সম্পর্কে কোনো প্রশ্ন থাকিলে তাহা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় অথবা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলকে অবহিত করা যাইবে। যদি কোনো সংস্থার তথ্য নিরাপত্তা পলিসি প্রণয়নে সহায়তা প্রয়োজন হয়, তাহা হইলে সেই বিষয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলকে অনুরোধ করা যাইবে।

### ৪। সংজ্ঞা

(১) “সংস্থা” অর্থ বাংলাদেশ সরকারের মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর, মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা, বিধিবদ্ধ সংস্থা ও উহাদের অধীন প্রতিষ্ঠানসমূহ।

(২) “সম্পদ” অর্থ সংস্থায় নিকট মূল্য রহিয়াছে এমন সকল কিছু।

(৩) “আক্রমণ” অর্থ কোনো সম্পদ ধ্বংস, উন্মুক্ত, পরিবর্তন, অকেজো, চুরি করিবার অথবা উহাতে অননুমোদিত উপায়ে প্রবেশ বা উহা অননুমোদিতভাবে ব্যবহার করিবার প্রচেষ্টা।

(৪) “প্রমাণীকরণ” অর্থ একটি স্বতন্ত্র সত্ত্বার (entity) বৈশিষ্ট্য সঠিক হইবার বিষয়ে নিশ্চয়তা প্রদানের বিধান প্রমাণ্যতা: একটি স্বতন্ত্র সত্ত্বা যেইরূপ হইবার দাবি করে সেইরূপ হইবার বৈশিষ্ট্য।

- (৫) “যথার্থতা” অর্থ একটি স্বতন্ত্র সত্ত্বা (entity) যেইরূপ হইবার দাবি করে সেইরূপ হইবার বৈশিষ্ট্য।
- (৬) “লভ্যতা” অর্থ কোনো নির্ধারিত সময়-সীমার মধ্যে একজন ব্যবহারকারীর নিকট প্রাপ্তিযোগ্য তথ্য ব্যবস্থা (Information Systems) যাহা অনুমোদিত সত্ত্বার চাহিদা অনুযায়ী প্রবেশযোগ্য ও ব্যবহারযোগ্য।
- (৭) “কার্যক্রমের ধারাবাহিকতা” অর্থ চলমান কার্যক্রম নিশ্চিতকরণের প্রক্রিয়া।
- (৮) “গোপনীয়” অর্থ অননুমোদিত কোনো ব্যক্তি, স্বতন্ত্র সত্ত্বা (entity), কোনো ব্যবস্থা (System) বা প্রক্রিয়া তথ্য প্রাপ্ত হইবে না কিংবা উহাদের নিকট তথ্য প্রকাশ করা হইবে না।
- (৯) “প্রত্যয়ন” অর্থ কোন মান নির্ধারণকারী প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানের বাহিরের বিশেষজ্ঞ কর্তৃক পর্যালোচনার মাধ্যমে কোন সংস্থাকে তাহাদের তথ্য ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট অবকাঠামো ও তথ্য নিরাপত্তা ব্যবস্থা বিষয়ক পদ্ধতির মূল্যায়ন।
- (১০) “শ্রেণিকরণকৃত তথ্য” অর্থ নিরাপত্তাবিষয়ক প্রবিধান (The Security Regulations) অনুযায়ী শ্রেণিকরণ করা হইয়াছে এইরূপ তথ্য।
- (১১) “নিয়ন্ত্রণ” অর্থ নিয়ন্ত্রণ বলিতে প্রশাসনিক, কারিগরি, ব্যবস্থাপনাবিষয়ক, কিংবা আইনসংক্রান্ত পলিসি, পদ্ধতি, নির্দেশনা, অনুশীলন বা সাংগঠনিক কাঠামোসহ ঝুঁকি ব্যবস্থাপনাকেই বুঝায়। নিয়ন্ত্রণ নিরাপত্তা বিধান বা বিকল্পব্যবস্থার সমার্থক শব্দ হিসাবেও ব্যবহৃত হয়।
- (১২) “নিয়ন্ত্রণের উদ্দেশ্য” অর্থ নিয়ন্ত্রণসমূহ বাস্তবায়নের ফলস্বরূপ যাহা অর্জিত হইবে তাহার বিবরণ।
- (১৩) “সংশোধনমূলক ব্যবস্থা” অর্থ সনাক্তকৃত কোনো বৈসাদৃশ্য বা অন্য কোনো অনাকাঙ্ক্ষিত অবস্থার কারণ দূরীকরণের ব্যবস্থা।
- (১৪) “আড়িপাতা” অর্থ আড়িপাতা বা তথ্যে অননুমোদিত প্রবেশ এমন এক ধরনের নেটওয়ার্ক আক্রমণ যাহা তথ্য-যোগাযোগ/প্রেরণকালে প্যাকেট দখলের মাধ্যমে করা হইয়া থাকে।
- (১৫) “স্বীয়-স্বার্থে ব্যবহার (Exploit)” অর্থ এমন একটি কৌশল বা কোড যাহার মাধ্যমে কোনো একটি অরক্ষিত অবস্থা ব্যবহার করিয়া আক্রমণকারীর জন্য তথ্য ব্যবস্থায় প্রবেশের সুযোগ সৃষ্টি করা।
- (১৬) “নির্দেশনাপত্র (Guideline)” অর্থ তথ্য প্রক্রিয়াকরণ সুবিধা, অন্য কোনো তথ্য প্রক্রিয়াকরণ ব্যবস্থা, সেবা বা অবকাঠামো কিংবা তাহাদের বাস্তব অবস্থানের পরিপ্রেক্ষিতে পলিসি-তে বিবৃত উদ্দেশ্য অর্জনে কি করিতে হইবে এবং কিভাবে করিতে হইবে তাহার বিবরণ।
- (১৭) “তথ্য ব্যবস্থা” অর্থ তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ইলেক্ট্রনিক উপায়ে উপাত্ত প্রক্রিয়াকরণের ইলেক্ট্রনিক তথ্য ব্যবস্থা যাহার মধ্যে অন্তর্ভুক্ত রহিয়াছে (যাহা সীমাবদ্ধ থাকিবে না) কম্পিউটার সিস্টেম, সার্ভার, ওয়ার্ক স্টেশন, টার্মিনাল, স্টোরেজ মিডিয়া, কমিউনিকেশন ডিভাইস, নেটওয়ার্ক রিসোর্স ও ইন্টারনেট।
- (১৮) “শুদ্ধতা” অর্থ কেবলমাত্র অনুমোদিত ব্যক্তিদিগকে তথ্য ব্যবস্থার মাধ্যমে স্টোরকৃত বা প্রক্রিয়াকরণকৃত তথ্যে সকল ক্ষেত্রে পরিবর্তন করিতে দেওয়া।
- (১৯) “তথ্য নিরাপত্তা” অর্থ তথ্যের গোপনীয়তা, শুদ্ধতা ও লভ্যতা সংরক্ষণ; ইহা ছাড়া অন্যান্য বৈশিষ্ট্য যেমন প্রামাণ্যতা, জবাবদিহিতা, অনস্বীকৃতি (Non repudiation) ও নির্ভরশীলতাও ইহার অন্তর্ভুক্ত হইতে পারে।

(২০) “তথ্য নিরাপত্তা (আইএস) পলিসি” অর্থ ব্যবস্থাপনাবিষয়ক নির্দেশনাবলির এমন একটি প্রামাণ্য তালিকা যাহা তথ্য-ব্যবস্থাপনায় সঞ্চিত বা প্রক্রিয়াকরণকৃত কোনো অননুমোদিত প্রকাশ, পরিবর্তন বা ক্ষতি হইতে সুরক্ষা করিবার লক্ষ্যে কম্পিউটার ও নেটওয়ার্ক সম্পদের সঠিক ব্যবহার ও ব্যবস্থাপনা সম্পর্কে সবিস্তারে বর্ণনা করে।

(২১) “তথ্য নিরাপত্তা ইভেন্ট” অর্থ তথ্য নিরাপত্তা ইভেন্ট হইল তথ্য ব্যবস্থা, তথ্য সেবা বা নেটওয়ার্ক সম্পর্কিত এমন একটি ঘটনা যাহা তথ্য নিরাপত্তা পলিসির সম্ভাব্য বিচ্যুতি বা সংরক্ষণের ব্যর্থতাকে নির্দেশ করে। ইহা এমন একটি ঘটনাও হইতে পারে যাহা পূর্বে অজানা ছিল এবং যাহা নিরাপত্তার প্রতি হুমকি স্বরূপ।

(২২) “তথ্য নিরাপত্তা ইনসিডেন্ট” অর্থ এক বা একাধিক অনাকাঙ্ক্ষিত বা অপ্রত্যাশিত তথ্য নিরাপত্তা ইভেন্ট যাহা প্রতিষ্ঠানের কার্যক্রম ব্যাহত করিতে পারে ও তথ্য নিরাপত্তার প্রতি হুমকি হিসেবে পরিগণিত হইতে পারে।

(২৩) “পিকেআই (PKI)” অর্থ হার্ডওয়্যার, সফটওয়্যার, পলিসি ও পদ্ধতির সমন্বয়ে গঠিত এমন একটি কাঠামো যাহা তথ্য নিরাপত্তার জন্য (Keys and Certificates) ব্যবস্থাপনায় ব্যবহৃত হয়।

(২৪) “পলিসি” অর্থ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক আনুষ্ঠানিকভাবে প্রকাশিত সামগ্রিক উদ্দেশ্য ও নির্দেশনা।

(২৫) “ঝুঁকি বিশ্লেষণ” অর্থ ঝুঁকির উৎস সনাক্তকরণ ও ঝুঁকির পরিমাণ নির্ণয় করা।

(২৬) “ঝুঁকি নির্ধারণ” অর্থ ঝুঁকি বিশ্লেষণ ও মূল্যায়নের সামগ্রিক প্রক্রিয়া।

(২৭) “ঝুঁকি মূল্যায়ন” অর্থ ঝুঁকির মাপকাঠির সহিত পরিমাপকৃত ঝুঁকির তুলনা করিয়া ঝুঁকির মাত্রা নির্ধারণ।

(২৮) “ঝুঁকি ব্যবস্থাপনা” অর্থ ঝুঁকি সম্পর্কে কোনো প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান ও ঝুঁকি নিয়ন্ত্রণ করিবার সমন্বিত কর্মতৎপরতা।

(২৯) “ঝুঁকি নিরসন” অর্থ ঝুঁকি নিয়ন্ত্রণ বা হ্রাস কবির ব্যবস্থা নির্বাচন ও বাস্তবায়নের প্রক্রিয়া।

(৩০) “সামাজিক কৌশল (সোশ্যাল ইঞ্জিনিয়ারিং)” অর্থ ব্যক্তির নিকট হইতে কূটকৌশলের মাধ্যমে তথ্য পাওয়া।

(৩১) “ঠকানো (Spoofing)” অর্থ ছদ্মবেশ ধারণ করিয়া কোন কম্পিউটার সিস্টেমে প্রবেশ করিবার জন্য প্রকৃত আইপি অ্যাড্রেস-এর পরিবর্তে একটি বিশ্বস্ত (Trusted) আইপি অ্যাড্রেস ব্যবহার করা।

(৩২) “তৃতীয় পক্ষ” অর্থ বিবেচ্য বিষয়ের সহিত স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত স্বতন্ত্র ব্যক্তি বা প্রতিষ্ঠান।

## ৫। উদ্দেশ্য

(১) একটি দেশ বা একটি সংস্থার জন্য তথ্য একটি গুরুত্বপূর্ণ সম্পদ। সরকার, নাগরিক ও প্রতিষ্ঠানসমূহের মধ্যে আস্থা প্রতিষ্ঠা ও তাহা বজায় রাখিতে তথ্য সুরক্ষা অপরিহার্য। তথ্য নিরাপত্তা একটি সংস্থার জনবল ও প্রযুক্তির সহিত সংশ্লিষ্ট এমন একটি প্রক্রিয়া যাহার মাধ্যমে সেই সংস্থা তাহার তথ্যের সংরক্ষণ ও নিরাপত্তা বিধান করে। তথ্য নিরাপত্তা পলিসি তথ্যকে আক্রমণ বা হুমকি বা অপব্যবহার বা ক্ষতি বা অননুমোদিত প্রবেশাধিকার হইতে সুরক্ষার জন্য পলিসি ও নিয়ন্ত্রণ কৌশল নির্ধারণে সহায়তা করে।

(২) এই নির্দেশনাপত্রের (গাইডলাইন) উদ্দেশ্য হইল:

- ক. বাংলাদেশ সরকারের সংস্থাগুলিকে তথ্য নিরাপত্তার বিষয়বস্তু উপলব্ধি করিতে সহায়তা করা,
- খ. তথ্য নিরাপত্তা পলিসি প্রণয়ন করিতে পদ্ধতি নির্ধারণ করা,
- গ. তথ্য নিরাপত্তা পলিসি বাস্তবায়নে তাহাদিগকে যথাযথ নির্দেশনা প্রদান করা।

৬। গাইডলাইনের পরিধি

বাংলাদেশে যে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা পাবলিক লিমিটেড কোম্পানি তাহাদের নিজস্ব তথ্য নিরাপত্তা পলিসি ডকুমেন্ট প্রণয়ন করিতে আগ্রহী তাহারা এই নির্দেশনাপত্র (গাইডলাইন) ব্যবহার করিতে পারিবে। তাহাদের তথ্য সুরক্ষার লক্ষ্যে পলিসি প্রণয়নে তাহাদের জন্য ইহা একটি সহায়ক দলিল। কোনো বেসরকারি প্রতিষ্ঠানও এই নির্দেশনাপত্র (গাইডলাইন) অনুসরণ করিতে পারিবে।

৭। তথ্য সম্পদ

(১) এই অনুচ্ছেদ কোনো সংস্থার গুরুত্বপূর্ণ সদস্যদের সংস্থার তথ্য বা উপাত্ত সম্পর্কে তাহাদের ধারণা পুনর্নির্মাণে সাহায্য করিবে। ইহা তাহাদিগকে স্ব স্ব ভূমিকা ও দায়িত্ব অনুসারে কিভাবে তথ্যের অবস্থাসমূহ নিরূপণ, তথ্য সম্পদ শ্রেণিকরণ, তথ্য সম্পদের মালিকানা ও তত্ত্বাবধায়ক নির্ধারণ এবং তথ্য কিভাবে সংরক্ষণ করিতে হইবে তাহা উপলব্ধি করিতে সাহায্য করিবে।

(২) তথ্যের সংজ্ঞা

প্রতিষ্ঠানের অন্যান্য গুরুত্বপূর্ণ সম্পদের মতো তথ্য এমন একটি সম্পদ যাহা প্রতিষ্ঠানের কার্যক্রমের জন্য অপরিহার্য এবং যাহা যথাযথ উপায়ে সুরক্ষিত থাকে। ব্যাপক অর্থে তথ্যবলিতে বুঝায় এমন ভিত্তি যাহার উপার নির্ভর করিয়া সংস্থা তাহাদের কার্যক্রম পরিচালনা করিয়া থাকে। নির্ভরযোগ্য তথ্য ভালো সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করিয়া প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি করে। সরকার সেই সকল তথ্য সংরক্ষণ করে, যাহা কার্য বাস্তবায়নের ক্ষেত্রে প্রশাসনিক, রাজনৈতিক, বাণিজ্যিক কিংবা ব্যক্তিগত কারণে গুরুত্বপূর্ণ। অননুমোদিত বা আকস্মিক পরিবর্তন, ক্ষতি/বিনষ্ট বা অনাকাঙ্ক্ষিত প্রকাশ হইতে এই তথ্য রক্ষা করিবার জন্য সরকারের অন্যতম দায়িত্ব ও আইনগত বাধ্যবাধকতা রহিয়াছে। সঠিকভাবে তথ্য ব্যবহারের ক্ষেত্রে নৈতিকতার বিষয়টিও জড়িত।

(৩) তথ্যের বিভিন্ন রূপ হইতে পারে যাহা নিম্নরূপ :

- ক. প্রামাণ্য দলিল ও কাগজপত্র;
- খ. ইলেক্ট্রনিক উপাত্ত;
- গ. তথ্য ব্যবস্থাসমূহ (সফটওয়্যার, হার্ডওয়্যার ও নেটওয়ার্ক) যাহার মাধ্যমে তথ্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও আদান প্রদান করা হয়;
- ঘ. ব্যক্তির বুদ্ধিবৃত্তিক তথ্য (জ্ঞান বা ধারণাসমূহ);
- ঙ. ভৌত উপকরণসমূহ (Physical items) যাহা হইতে তথ্যের ডিজাইন, উপাদান বা ব্যবহার সম্পর্কিত ধারণা পাওয়া যাইবে; এবং
- চ. ছবি, অডিও বা ভিডিও ক্লিপ।

## (৪) তথ্য সম্পদের সংজ্ঞা

সম্পদ হইল এমন কিছু যাহা প্রতিষ্ঠান, সংস্থা বা দেশের জন্য মূল্যবান। একটি প্রতিষ্ঠানের জন্য তথ্য অত্যন্ত গুরুত্বপূর্ণ সম্পদ। সম্পদ যাহারা ব্যবহার করেন এবং যাহারা উহার সত্ত্বাধিকারী সেই সব স্টেকহোল্ডারদের মধ্যে আস্থা নিশ্চিতকরণের জন্য সম্পদকে সুরক্ষিত রাখিতে হইবে। নিরাপত্তাবিষয়ক ঝুঁকি নির্ধারণের সহিত সম্পদ সংরক্ষণ একান্তভাবে সম্পর্কিত। নিরাপত্তাবিষয়ক ঝুঁকি নির্ধারণে প্রথম কাজ হইল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তথ্য সম্পদের (যেমন: সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কম্পিউটার ব্যবস্থায় সংরক্ষিত এপ্লিকেশন প্রোগ্রাম, সংরক্ষিত উপাত্ত, প্রতিবেদন, পণ্যের ডিজাইন ও স্পেসিফিকেশন, প্রস্তাব, কর্মপরিকল্পনা, আর্থিক দলিলাদি, উপাত্তভান্ডার (ডাটাবেইস) এবং অন্যান্য ফাইল ও দলিলপত্র) মজুদ সমীক্ষা করিয়া দেখা। সমীক্ষার উদ্দেশ্য হইল সম্পদসমূহ ও উহাদের পরিধি সম্পর্কে জানিতে সাহায্য করিবার লক্ষ্যে সেইগুলি পরিকল্পনা অনুযায়ী সুবিন্যস্ত করা। বিভিন্ন সম্পদের সঠিক সত্ত্বাধিকারী নির্ধারণ এবং তাহাদেরকে সম্পদের গুরুত্ব ও তাৎপর্য নির্ধারণের দায়িত্ব গ্রহণের জন্য উদ্বুদ্ধ করা প্রয়োজন।

(৫) সম্পদে কাহারো প্রবেশাধিকার পাইবে তাহা নির্ধারণের লক্ষ্যে সম্পদকে অবশ্যই শ্রেণিকরণ করিতে হইবে। তথ্য সম্পদ সঠিকভাবে চিহ্নিত এবং সঠিকভাবে শ্রেণিকৃত ও তাহাদের পরিধি নির্ধারিত হইলে পরবর্তী পদক্ষেপ হইবে কাহার কোন তথ্য প্রবেশাধিকার থাকিবে তাহা নির্ধারণ করা। অনেক ধরনের সম্পদ রহিয়াছে যাহা নিম্নরূপ (কিন্তু ইহাদের মধ্যে সীমাবদ্ধ নহে):

- ক. উপাত্তভান্ডার (ডাটাবেইস) ও ডাটা ফাইল চুক্তি পত্র, প্রসেস সহ System documentation, গবেষণা তথ্য, ব্যবহার-বিধি, প্রশিক্ষণ-উপকরণ, পরিচালনা বা সহায়ক পদ্ধতি (operational or support procedures), কার্যক্রমের ধারাবাহিকতা পরিকল্পনা (business continuity plans), অসুবিধার সম্মুখীন হইলে বিশেষ ব্যবস্থা চালুকরণ (fallback arrangements), অডিট বিবরণী এবং চূড়ান্তভাবে সংরক্ষিত তথ্য (archived information);
- খ. অ্যাপ্লিকেশন সফটওয়্যার, সিস্টেম সফটওয়্যার, সিস্টেম উন্নয়ন যন্ত্রাংশ এবং অন্যান্য জরুরী প্রয়োজনীয় সুবিধাদি;
- গ. কম্পিউটার সরঞ্জাম, কমিউনিকেশন সরঞ্জাম, স্থানান্তরযোগ্য প্রচার সরঞ্জাম ও অন্যান্য সরঞ্জাম;
- ঘ. হিসাব ও যোগাযোগ সেবা (Computing and Communication Services);
- ঙ. জনবল, তাহাদের যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতা;
- চ. বস্তুগত নহে এমন সম্পদ যেমন প্রতিষ্ঠানের সুনাম ও ভাবমূর্তি।

(৬) কোন কার্যক্রম পরিচালনা বা বাস্তবায়নের সময় তথ্য সৃষ্টি, প্রক্রিয়াকরণ, জমাকরণ, সংরক্ষণ করা হয় বা ইহা মুছিয়া ফেলা হয়। সংরক্ষিত উপাত্তভান্ডার (database), চিঠিপত্র (mail), সোর্স কোড, দালিলিক কাগজপত্র, ডিজাইন, ই-মেইল, ডাটাবেস, প্রসেস ডাটা, ছবি ইত্যাদি ইহার উদাহরণ।

(৭) তথ্য সম্পদ হইল সুনির্দিষ্টভাবে সংজ্ঞায়িত করা যায় এবং যে কোনো মাধ্যমে সঞ্চিত করা যায় এমন তথ্য যাহা প্রতিষ্ঠানের জন্য 'মূল্যবান' বলিয়া স্বীকৃত। একটি প্রতিষ্ঠানের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ ও মূল্যবান তথ্য হইলো সেইগুলি যাহা ঐ সংস্থার মূল বা সর্বাধিক গুরুত্বপূর্ণ দায়িত্ব, সামর্থ্য বা লক্ষ্যমাত্রার সাথে সংশ্লিষ্ট। তথ্যের গোপনীয়তা, শুদ্ধতা ও সহজলভ্যতা ভঙ্গ হইলে প্রতিষ্ঠান কতখানি ক্ষতিগ্রস্ত হইবে তাহার মাধ্যমে বুঝা যায় ঐ প্রতিষ্ঠানে তথ্য সম্পদের কতখানি মূল্য। প্রতিষ্ঠানের সম্ভাব্য ক্ষতিসমূহের মধ্যে রহিয়াছে-প্রত্যক্ষ ও পরোক্ষ আর্থিক ক্ষতি (তাৎক্ষণিক বা পরবর্তী), রাজস্ব ঘাটতি, সেবা প্রদানবিষয়ক বাধ্যবাধকতা পূরণে ব্যর্থতা বা সুনাম হানি। নিরাপত্তা বিধানে ব্যর্থতার পরোক্ষ ফলাফলও বিবেচনা করিতে হইবে। তথ্য সম্পদের মূল্য নিরূপণের ভিত্তি হইলঃ

- ক. তথ্য সম্পদের গোপনীয়তা (Confidentiality);
- খ. তথ্য সম্পদের শুদ্ধতা; (Integrity)

- গ. তথ্য সম্পদের প্রামাণ্যতা (Authenticity);
- ঘ. অনস্বীকৃতি (non-repudiation); এবং
- ঙ. তথ্য সম্পদের সহজলভ্যতা (Availability)।

#### (৮) তথ্যের বিভিন্ন রূপ

পূর্বে উল্লেখ করা হইয়াছে যে, তথ্যের বিভিন্ন রূপ রহিয়াছে। ইহার অবস্থাও বিভিন্ন। তথ্য নিরাপত্তাবিষয়ক পলিসি উন্নয়নকালে সংস্থার জন্য ঐ সকল অবস্থা বিবেচনা করা খুবই জরুরি। তথ্যের সাধারণ অবস্থাসমূহ হইল:

- ক. তথ্য যাহা চূড়ান্তভাবে সংরক্ষণ করা হইয়াছে (archived) (পুরানো দিনের ক্রমপুঞ্জিভূত)
- খ. সংস্থার একান্ত নিজস্ব তথ্য বা জনবলের তথ্য যাহা ডেটাবেস (database) বা টেপ-ড্রাইভ বা অন্য কোনো মিডিয়ায় সঞ্চিত থাকে;
- গ. এপ্লিকেশন দ্বারা প্রক্রিয়াকরণকৃত দৈনন্দিন কার্যক্রমবিষয়ক তথ্য;
- ঘ. সংস্থার ওয়েবসাইট-এ প্রদত্ত স্ট্যাটিক ও ডাইনামিক তথ্য;
- ঙ. যোগাযোগ/চিঠিপত্র লেনদেন, উপলব্ধি ও জ্ঞান;
- চ. তথ্য যাহা সংস্থা/সরকারের ইন্ট্রানেট-এ প্রক্রিয়াকরণকৃত;
- ছ. তথ্য যাহা সংস্থা/সরকারের ইন্ট্রানেট-এ প্রক্রিয়াকরণকৃত;
- জ. তথ্য যাহা এক্সট্রানেট-এ প্রক্রিয়াকরণকৃত।

(৯) তথ্যের বিভিন্ন প্রকার অবস্থার জন্য বিভিন্ন ধরনের নিরাপত্তা কৌশল প্রয়োজন। তথ্যের গুরুত্ব বিবেচনা করিয়া ও প্রয়োজন অনুসারে তথ্যের শ্রেণিকরণ করিয়া ইহা করিতে হইবে। তথ্যের গুরুত্বের ভিত্তিতে একই ধরনের তথ্যের জন্য নিরাপত্তা নিয়ন্ত্রণ আরোপ করা খুবই সহজ ও সুবিধাজনক। প্রত্যেক সংস্থাকে তাহার তথ্যের অবস্থা নির্ণয় করিয়া শ্রেণিকরণকৃত তথ্যের সহিত সামঞ্জস্য রাখিয়া নিরাপত্তা পলিসি নিরূপণ করিতে হইবে।

#### (১০) তথ্যের শ্রেণিকরণ

বিভিন্ন পদ্ধতিতে বিভিন্ন ধরনের তথ্যের নিরাপত্তা বিধান করিতে হইবে। সুতরাং একটি শ্রেণিকরণ পদ্ধতি প্রয়োজন যাহার দ্বারা শ্রেণিকরণ করা হইবে। শ্রেণি অনুসারে কিভাবে তথ্য ব্যবহার করিতে হইবে সেই বিষয়ে একটি পলিসি প্রণয়ন করিতে হইবে এবং তদানুযায়ী তথ্য ব্যবহারবিষয়ক নিরাপত্তা কৌশল প্রয়োগ করা হইবে। তথ্য শ্রেণিকরণের ফলে সঠিক মাত্রায় তথ্যের সুরক্ষা নিশ্চিত হয়। তথ্যের প্রয়োজনীয়তা, অধিকার ও তথ্য ব্যবহারে প্রত্যাশিত সুরক্ষা প্রদানের বিষয় নির্দেশ করিবার জন্য তথ্য শ্রেণিকরণ করিতে হইবে। তথ্যের মধ্যে স্পর্শকাতরতা ও গুরুত্বের বিভিন্ন মাত্রা রহিয়াছে। কিছু কিছু তথ্যের অধিক মাত্রার সুরক্ষা বা সতর্কতার সাথে ব্যবহারের প্রয়োজন হইতে পারে। যথাযথ নিরাপত্তা স্তর নির্ধারণ এবং তদানুযায়ী সতর্কতার সাথে ব্যবহারের প্রয়োজনীয়তা সংশ্লিষ্টদের অবহিত করিতে তথ্যের শ্রেণিকরণ পদ্ধতি ব্যবহার করিতে হইবে।



(১১) দেশ বা সংস্থার নিকট তথ্যের মূল্যমান, আইনগত প্রয়োজন, স্পর্শকাতরতা ও গুরুত্ব অনুসারে তথ্যের শ্রেণিকরণ করা যাইতে পারে। দেশ ও সংস্থা ভেদে শ্রেণিকরণ পদ্ধতির মধ্যে ভিন্নতা রহিয়াছে। অধিকাংশ দেশে সাধারণত নিম্নোক্ত পাঁচটি শ্রেণিতে তথ্যকে বিভক্ত করা হয়;

- ক. সর্বোচ্চ গোপনীয় (Top Secret)
- খ. একান্ত গোপনীয় (Secret)
- গ. গোপনীয় (Confidential)
- ঘ. সীমিত (Restricted)
- ঙ. উন্মুক্ত বা অশ্রেণিকরণকৃত (Public or Unclassified)

(১২) তথ্যসম্পদ শ্রেণিকরণ করিবার সময় ইহা সরকারি আইন ও বিধিবিধানের সহিত সঙ্গতিপূর্ণ কিনা তাহা দেখিয়া লইতে হইবে। কোন সংস্থা তাহাদের নিজস্ব প্রয়োজনে কম বা বেশি স্তর বিশিষ্ট শ্রেণিবিন্যাস পদ্ধতি অনুসরণ করিতে পারে। তবে সংস্থার জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ কাজ হইল তাহাদের নিজেদের তথ্য বিশ্লেষণ করিয়া তথ্যের অবস্থা ও শ্রেণিবিন্যাস নিরূপণ করা। শ্রেণিবিন্যাস অনুযায়ী সংস্থা তথ্য সম্পদের উপর নিরাপত্তা নিয়ন্ত্রণ আরোপ করিবে।

#### (১৩) তথ্যের সত্ত্বাধিকারী

তথ্যের সত্ত্বাধিকারী হইলেন এমন একজন ব্যক্তি বিভিন্ন অবস্থার ভিত্তিতে তথ্যের শ্রেণিকরণের জন্য দায়িত্ব প্রাপ্ত এবং যার তথ্যের গোপনীয়তা, শুদ্ধতা, প্রামাণ্যতা ও লভ্যতা রক্ষার উপর কার্যকর নিয়ন্ত্রণ রহিয়াছে। তথ্যের সত্ত্বাধিকারীর উপর তথ্য সৃষ্টি, উন্নয়ন, রক্ষণাবেক্ষণ করিবার; তথ্য সম্পদের উপর নিরাপত্তা নিয়ন্ত্রণ আরোপ করিবার; যথাযথ পর্যায়ের সুরক্ষা ব্যবস্থা আরোপ করিবার দায়িত্ব থাকিবে। সেই সাথে আর্থিক ব্যয় ও সুফল লাভের দিক বিবেচনায় আনিয়া প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য ও লক্ষ্য বাস্তবায়ন নিশ্চিত করিতে সময়ে সময়ে তথ্যের শ্রেণিকরণ, নিরাপত্তা নিয়ন্ত্রণ, পর্যায়ক্রমিক প্রবেশাধিকার সীমিতকরণের বিষয়সমূহ পুনর্বিবেচনা করিবার জন্য তাহার কর্তৃত্ব ও দায়িত্ব থাকিবে।

#### (১৪) তথ্যের সংরক্ষক

তথ্যের সংরক্ষক হইলেন তথ্যের সত্ত্বাধিকারী কর্তৃক নিয়োজিত এমন একজন ব্যক্তি যিনি সত্ত্বাধিকারী কর্তৃক প্রবর্তিত রক্ষণাবেক্ষণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা অনুসরণ করিয়া তথ্য সুরক্ষা করিবেন। তিনি অন্যদেরকে তথ্য প্রদান করিবার প্রয়োজন হইলে সে বিষয়ে সত্ত্বাধিকারী কর্তৃক দায়িত্বপ্রাপ্ত হইবেন। সংরক্ষক তথ্যের সত্ত্বাধিকারী কর্তৃক নির্ধারিত উপায়ে নিয়মিত ব্যাকআপ (Backup) ও উপাত্তের গ্রহণযোগ্যতা (validity) যাচাই কার্যক্রম সম্পন্ন এবং ব্যাকআপ (Backup) হইতে বিভিন্ন উপায়ে উপাত্ত নতুন ভাবে সংরক্ষণ করিবেন ও তথ্যে প্রবেশাধিকারে নিয়ন্ত্রণ আরোপ করিবারও দায়িত্ব পালন করিবেন। প্রতিটি তথ্যসম্পদ একজন সংরক্ষকের দায়িত্বে থাকিবে। সংরক্ষককে তথ্য সম্পদের নিরাপত্তার জন্য চূড়ান্তভাবে দায়িত্বশীল থাকিতে হয়। সেই জন্য তাহাকে নিশ্চিত হইতে হয় যে সকল দায়িত্ব যথাযথভাবে সম্পন্ন হইতেছে।

#### (১৫) দায়িত্ব ও কর্তব্য

সংস্থাসমূহ তাহাদের আওতায় থাকা তথ্য সম্পদসমূহের যথাযথ নিরাপত্তার জন্য দায়িত্বশীল থাকিবে। সংস্থাসমূহ সবচেয়ে ভাল রুবিতে পারে যে তাহাদের তথ্য-সম্পদসমূহের গুরুত্ব কি, ইহার মূল্য কিরূপ এবং ইহার প্রতি কি ঝুঁকি আছে এবং তাহা সুরক্ষার জন্য উপযুক্ত পদক্ষেপ কি। তাই প্রতিষ্ঠানকে তাহাদের তথ্য সম্পদের যথাযথ নিরাপত্তা সুনিশ্চিত করিতে হইবে। এই লক্ষ্য অর্জন করিতে হইলে সকল তথ্যসম্পদের বিবরণসহ একজন নির্ধারিত সত্ত্বাধিকারী থাকিতে হইবে। সত্ত্বাধিকারীদেরকে তথ্য

নিরাপত্তা ব্যবস্থা নিয়ন্ত্রণের দায়িত্ব প্রদান করিতে হইবে। তথ্য সম্পদের সত্ত্বাধিকারীর তথ্য/সম্পদের শ্রেণিকরণ নির্ধারণ, সময়ে সময়ে উহা পরীক্ষা-নিরীক্ষা করিবার এবং উহা হালনাগাদ করা হইয়াছে কিনা ও উহা যথাযথ পর্যায়ে নিরাপত্তা নিয়ন্ত্রণের ভিতরে রহিয়াছে কিনা তাহা নিশ্চিত করিবার দায়িত্ব থাকিবে। যথাবিহীন বিবেচিত হইলে সুনির্দিষ্ট কোনো দায়িত্ব অন্যকে দেওয়া যাইতে পারে, তবে তথ্য সম্পদের সঠিক সুরক্ষার দায়িত্ব সত্ত্বাধিকারী সার্বিকভাবে পালন করিবেন। কোনো সংস্থার অত্যন্ত গুরুত্বপূর্ণ বাধ্যতাবাহকতা হইল তাহাদের তথ্যের দায়িত্ব বাহিরের কাহারও উপর প্রদান না করা অর্থাৎ তথ্য সম্পদের নিরাপত্তার দায়িত্ব সর্বদা যে সংস্থার তথ্য তাহার ভিতরেই থাকিবে।

#### (১৬) তথ্য সম্পদ সংরক্ষণ (Archiving)

ক্রমাগত সঞ্চয়ের ফলে তথ্য ভান্ডার বিশাল আকার ধারণ করিতে পারে এবং ইহা তথ্যের সর্বোত্তম ব্যবহারে বাধা সৃষ্টি করিতে পারে। এ কারণে ব্যবহার উপযোগিতা-উল্লীর্ণ, একাধিক কপি, অতিরিক্ত এবং অপ্রয়োজনীয় তথ্য হয় বিনষ্ট নতুবা চূড়ান্ত সংরক্ষণ করা যাইতে পারে। কোন সংস্থার তথ্য নষ্ট করিতে হইলে তথ্যের সত্ত্বাধিকারী এবং তথ্য সংরক্ষককের যথাযথ অনুমোদন গ্রহণ করিতে হইবে এবং তাহাদের সংরক্ষিত লগ বইয়ে নষ্ট করিবার কারণ লিপিবদ্ধ করিতে হইবে। সংরক্ষণের ক্ষেত্রে একটি সংস্থা কাগজ এবং নথিপত্র সংরক্ষণের মতো অবশ্যই ইলেকট্রনিক তথ্য সম্পদ সংরক্ষণের বিষয় বিবেচনা করিবে। তথ্য সম্পদের গুরুত্ব বিবেচনা করিয়া একটি সংস্থা উহার তথ্য সম্পদ সংরক্ষণের মেয়াদ নির্ধারণ করিবে। মেয়াদ নির্ধারণের ক্ষেত্রে সংস্থাকে অবশ্যই তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন-২০০৬ এর ৯ নম্বর ধারা এবং অন্যান্য প্রাসঙ্গিক আইন অনুসরণ করিতে হইবে।

#### (১৭) অনুচ্ছেদ অনুযায়ী করণীয়

অনুচ্ছেদ ৭ এ বর্ণিত কাজগুলি একটি সংস্থার তথ্য নিরাপত্তা পলিসি যথাযথভাবে বিন্যস্ত করার প্রারম্ভিক কাজ। সামগ্রিকভাবে ইহাকে তথ্য সংগ্রহ ও তথ্য সম্পদ ব্যবস্থাপনা বলা হয়। ইহা সম্পন্ন করিতে গৃহিতব্য পদক্ষেপগুলি নিম্নরূপঃ

#### (ক) তথ্য শ্রেণিকরণ ও উহার অবস্থা

তথ্যের মূল্য, আইনগত প্রয়োজনীয়তা, স্পর্শকাতরতা ও সংস্থার জন্য গুরুত্বের বিবেচনায় উহার বিশ্লেষণ ও শ্রেণিকরণ করা আবশ্যিক। অতঃপর শ্রেণিকরণকৃত তথ্যের অবস্থাও নির্ণয় করিতে হইবে।

#### (খ) তথ্য সম্পদের ইনভেন্টরি (inventory)

সকল তথ্য সম্পদ সনাক্ত করিতে হইবে এবং উহার একটি ইনভেন্টরি তৈরী ও রক্ষণাবেক্ষণ করিতে হইবে। সনাক্তকৃত সকল তথ্য সম্পদের গুরুত্ব লিপিবদ্ধ করিতে হইবে। যে কোন ধরনের বিপর্যয় হইতে তথ্য সম্পদ পুনরুদ্ধার করিবার জন্য তথ্য সম্পদের ইনভেন্টরিতে সম্পদের ধরণ, আকার, অবস্থান, ব্যাকাআপ সম্পর্কিত তথ্য, লাইসেন্স বিষয়ক তথ্য এবং প্রতিষ্ঠানের কাছে ইহার প্রয়োজনীয়তা-মূল্যসহ অন্যান্য সকল তথ্য অন্তর্ভুক্ত থাকিবে। তথ্য সম্পদের এই ইনভেন্টরি অন্য ইনভেন্টরিসমূহের প্রতিরূপ হইবে না, তবে অন্যগুলির সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।

#### (গ) তথ্য সনাক্তকরণ চিহ্ন ও ব্যবহার

সংস্থা কর্তৃক গৃহীত তথ্য শ্রেণিকরণ পদ্ধতি অনুসরণে তথ্য সনাক্তকরণ ও ব্যবহারের জন্য একটি উপযুক্ত পদ্ধতি উন্নয়ন ও বাস্তবায়ন করিতে হইবে। এই পদ্ধতির মধ্যে ভৌত ও ইলেকট্রনিক আকারে বিদ্যমান তথ্য সনাক্তকরণের ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকিতে হইবে।

**(ঘ) তথ্য সম্পদের সত্ত্বাধিকার**

তথ্য প্রক্রিয়াকরণ ব্যবস্থার সহিত সম্পর্কিত সকল তথ্য ও সম্পদ সংস্থার সুনির্দিষ্ট কোন অংশের মালিকানাধীন থাকিতে হইবে। তথ্য সম্পদের সত্ত্বাধিকারী নিম্নোক্ত বিষয়ে দায়িত্বশীল থাকিবেন;

- (ক) তথ্য প্রক্রিয়াকরণ ব্যবস্থার সহিত সম্পর্কিত তথ্য ও সম্পদ যথাযথভাবে শ্রেণীকরণ নিশ্চিত করিতে হইবে;
- (খ) প্রবেশাধিকার নিয়ন্ত্রণ পলিসি বিবেচনা করিয়া প্রবেশাধিকারের বাধ্যবাধকতা ও শ্রেণীকরণ নির্ধারণ ও মাঝে মাঝে পর্যালোচনা করিতে হইবে;

**(ঙ) তথ্য সম্পদের গ্রহণযোগ্য ব্যবহার**

তথ্য প্রক্রিয়াকরণ ব্যবস্থার সহিত সম্পর্কিত তথ্য সম্পদের গ্রহণযোগ্য ব্যবহার বিধি নির্ধারণ লিপিবদ্ধকরণ ও বাস্তবায়ন করিতে হইবে। সকল কর্মচারী, ঠিকাদার ও অন্যান্য ব্যবহারকারীগণ এই ব্যবহার বিধি অনুসরণ করিবেন।

**(চ) দায়িত্বাবলী**

তথ্যের সত্ত্বাধিকারী, সংরক্ষণ ও অন্যান্য ব্যবহারকারী নির্ধারণ করিতে হইবে এবং তাহাদের মধ্যে তথ্য সম্পদ ব্যবস্থাপনার দায়-দায়িত্ব নির্দিষ্ট করিয়া দিতে হইবে। তথ্য সম্পদের সুরক্ষার লক্ষ্যে তাহাদের দায়-দায়িত্ব স্পষ্টরূপে নির্ধারণ করিতে হইবে এবং তাহা মাঝে মাঝে পর্যালোচনা করিতে হইবে। এ সকল বিষয়াদি নির্ধারণের ক্ষেত্রে তথ্য সম্পদ সংরক্ষণ এবং সংরক্ষণ মেয়াদও বিবেচনা করিতে হইবে।

**৮। তথ্য নিরাপত্তা কৌশল**

(১) তথ্য নিরাপত্তা পলিসি প্রণয়নের পূর্বে বিভিন্ন সংস্থাকে তথ্য নিরাপত্তা হুমকি হইতে নিরাপত্তার লক্ষ্যে প্রক্রিয়া, জনবল, প্রযুক্তি, পদ্ধতিসমূহের সমন্বয় সাধনে পরিকল্পনা গ্রহণ করিতে হইবে। তথ্য নিরাপত্তা সম্পর্কিত নূতন নূতন হুমকি ও অরক্ষিত অবস্থা নিরসনের লক্ষ্যে মাঝে মাঝে কৌশলসমূহ পুনঃনিরীক্ষা করিয়া দেখিতে হইবে। এই অনুচ্ছেদটি তথ্য নিরাপত্তা কৌশল সংক্রান্ত বিশ্বের সর্বোত্তম পদ্ধতিসমূহ জানিতে এবং সংস্থার প্রয়োজন অনুযায়ী অনুশীলনযোগ্য সর্বোত্তম পদ্ধতি গ্রহণ করিতে সহায়তা প্রদান করিবে।

**(২) কৌশল প্রণয়ন**

নিজস্ব কৌশল প্রণয়নের জন্যে সর্বোত্তম অনুশীলনসমূহ সম্পর্কে জানা প্রয়োজন তবে সবসময় কেবল সর্বোত্তম অনুশীলনগুলো গ্রহণ করা যৌক্তিক বিবেচিত নাও হইতে পারে। একমাত্র সর্বোত্তম অনুশীলনসমূহ গ্রহণের ফলে গৃহীত কৌশলটি অকার্যকর ও অবাস্তব হয়ে পরিতে পারে। সুতরাং সংশ্লিষ্ট সংস্থার বাস্তব অবস্থা ও প্রচলিত সর্বোত্তম পদ্ধতিসমূহের সংমিশ্রনে কৌশল প্রণয়নের উপর গুরুত্বারোপ করা হইয়া থাকে। তথ্য নিরাপত্তা কৌশল প্রণয়নে নিম্নোক্ত পর্যায়সমূহ অনুসরণ করা হয়ঃ

**(ক) পর্যায়-১ঃ উদ্দেশ্য**

তথ্য নিরাপত্তা কৌশল গ্রহণ করিতে হইলে কোন প্রতিষ্ঠান/সংস্থা'র একটি উদ্দেশ্য থাকিতে হইবে। অধিকাংশ প্রতিষ্ঠান/সংস্থা'র উদ্দেশ্য হইতেছে সাইবার স্পেসে হামলা হইতে তাহাদের তথ্যের সুরক্ষা প্রদান করা। তথ্য চুরি বা ক্ষতির হুমকি সংস্থার লক্ষ্য ও কার্যকারিতাকে ব্যাহত করিতে পারে। সুতরাং হুমকি হইতে তথ্য সুরক্ষা করিত হইলে প্রতিষ্ঠানসমূহকে তাহাদের লক্ষ্য ও উদ্দেশ্য স্থির করিত হইবে।

**(খ) পর্যায়-২ঃ উপলব্ধি**

কোন সংস্থার নিরাপত্তা নীতি প্রণয়নের পূর্বে সেই সংস্থা সম্পর্কে পরিপূর্ণ ধারণা থাকা আবশ্যিক। সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ বিবেচনায় আনাও জরুরী। যে সকল নীতিসমূহ প্রণয়ন করা হইবে উহাদের সাথে সংস্থার বর্তমান নীতি, বিধি, প্রবিধান ও আইনের সামঞ্জস্যতা থাকা বাঞ্ছনীয়। নীতি প্রণীত হওয়ার পূর্ব পর্যায়ে-তথ্য সম্পদ এবং উহার সহিত সম্পর্কিত ঝুঁকি, দুর্বল দিকগুলো ও হুমকিসমূহ চিহ্নিতকরণ, সন্নিহিত ব্যয় ও ঝুঁকি প্রশমনের শতকরা হার উল্লেখ করিয়া সম্ভাব্য প্রতিরক্ষা ও নিয়ন্ত্রণসমূহ চিহ্নিতকরণ এবং দায়িত্ব ও কর্তব্যসমূহ পুণঃনির্ধারণ সম্পর্কিত তথ্য সংগ্রহ করাও জরুরী।

**(গ) পর্যায়-৩ঃ পরিকল্পনা**

উপানুচ্ছেদ (৪) অনুসরণপূর্বক সংগৃহীত তথ্য এবং সংশ্লিষ্ট সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য বিবেচনা করতঃ এই পর্যায়ে নিরাপত্তা নীতি প্রণয়ন করিতে হইবে। এই পর্যায়ে প্রণীতব্য নীতি 'র সাথে বিধিবদ্ধ প্রণালী, মানদণ্ড গাইডলাইন ইত্যাদিও অন্তর্ভুক্ত হইবে। নিরাপত্তা নীতি প্রণয়নকালে সংস্থাকে ISO/IEC 27002: Code of Practice for Information Security Management হইতে সাহায্য ও মানদণ্ড যাচাই করিয়া লওয়া যাইতে পারে। একইভাবে নীতি সংকলনকালে সংস্থাকে তাহাদের তথ্য সম্পদের অবস্থান নির্ধারণ এবং ইহা তাহাদের নিজস্ব আওতাভুক্ত থাকিবে নাকি বাহিরে থাকিবে তাহা নির্ধারণ করিয়া লইতে হইবে। সরকারী সংস্থাসমূহ অবশ্যই তাহাদের তথ্য সম্পদসমূহ দেশের অভ্যন্তরে রাখা নিশ্চিত করিবেন। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে রক্ষিত জাতীয় ডাটা সেন্টারে সরকারী সংস্থাসমূহের তথ্য সংরক্ষণের জন্য পরামর্শ দেওয়া হইল। নীতিসমূহ বলবৎকরণের পূর্বে প্রয়োগকারী সংস্থা এবং ব্যবহারকারীগণের সাথে পরামর্শ করা যাইতে পারে। এ ধরনের পরামর্শের ফলে একটি কার্যকরী নিরাপত্তা নীতি প্রণয়ন সহজ হইবে।

**(ঘ) পর্যায়-৪ঃ বাস্তবায়ন**

পলিসি ও অন্যান্য প্রাসঙ্গিক পদ্ধতিসমূহ বা নির্দেশনাপত্র প্রণয়নের পর সংস্থা অবশ্যই তাহার জনবলকে প্রশিক্ষিত করিবে এবং উক্ত নীতিসমূহ বাস্তবায়নকারীদের (ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, পরিচালনা পর্যদ, কর্মচারীবৃন্দ প্রমুখ) মধ্যে বিতরণ করিবে এবং এই মর্মে তাহাদের সাথে ঐক্যমতে পৌছাইবেন যে, বাস্তবায়নকারীগণ ঐ নীতিসমূহ সম্পূর্ণভাবে অনুধাবন করিয়াছেন এবং উহা মানিয়া চলিতে সম্মত আছেন। নিরাপত্তা নীতি গ্রহণ ও তা অনুসরণ করার মূল চাবিকাঠিই হইল শিক্ষা নিরাপত্তার প্রয়োজনে জনবলকে প্রশিক্ষিত করা এবং নীতি সংকলন প্রক্রিয়ায় তাহাদেরকে সম্পৃক্ত করা গুরুত্বপূর্ণ এই জন্যে যে, ইহা তাহাদেরকে পলিসি এড়াইয়া চলা এবং তাহার ফলে পলিসি অকার্যকর হওয়া থেকে বিরত রাখিবে। সেমিনার ও সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত প্রচারাভিযান গুলো তথ্য নিরাপত্তার বিশেষতঃ এর পাসওয়ার্ড নির্বাচন, স্ক্রিন লকিং, দলিল চিহ্নিতকরণ এবং ভৌত নিরাপত্তার তাৎপর্য অনুধাবনে সাহায্য করে। এছাড়া একটি সার্থক বাস্তবায়নের জন্য প্রারম্ভিক পর্যায়ে সহায়তা ডেস্কও চালু করা যাইতে পারে।

**(ঙ) পর্যায়-৫ঃ মান্যতা যাচাই**

কোন সংস্থা এমন একটি পদ্ধতি উদ্ভাবন করিবে যাহার মাধ্যমে সেখানকার নীতিসমূহ কতটুকু অনুসরণ করা হইতেছে তা পরিমাপ করা যাইবে এবং একটি নির্দিষ্ট মেয়াদান্তে এ ধরনের মান্যতা যাচাই করিবে। বলবৎকৃত নীতিসমূহের সফল বাস্তবায়ন নিশ্চিত করিতে একটি নিরীক্ষা দল গঠন করার বিষয়টি উপযুক্ত পদ্ধতির অন্তর্ভুক্ত হইতে পারে। নিরাপত্তা নীতিসমূহের মান্যতা পরিবীক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত নিরীক্ষকগণ ঐ নীতি বাস্তবায়নকারীদের হইতে স্বতন্ত্র হইবেন। নীতিসমূহ কঠোরভাবে বাস্তবায়ন করিতে হইবে এবং অমান্যতার ক্ষেত্রে শাস্তির বিধান থাকিতে হইবে।

**(চ) পর্যায়-৬ঃ পরিবীক্ষণ ও মূল্যায়ন**

সময়ের ব্যবধানে নূতন নূতন হুমকির আবির্ভাব হয় বলিয়া ভবিষ্যতে তথ্য ব্যবস্থাপনা উন্নয়নের জন্য একটি মূল্যায়ন ও পরিবীক্ষণ কৌশল অবলম্বন করা জরুরী। প্রতিষ্ঠানের পরিবর্তনের সাথে সাথে যে নূতন নূতন হুমকির সৃষ্টি হয় সেটাও মূল্যায়ন ও পরিবীক্ষণে কৌশলের অন্তর্ভুক্ত। নূতন সৃষ্ট কোন হুমকি প্রশাসনের জন্য নিরাপত্তার নিয়ন্ত্রণসমূহে প্রয়োজনে পরিবর্তন করিতে হইবে। কর্মদক্ষতার উন্নয়নের জন্য দরকার হইলে প্রশিক্ষণের মত গুরুত্বপূর্ণ বিষয়ের আয়োজন করা যাইতে পারে। সময়ের সাথে তাল মিলিয়ে নিরাপত্তা নীতিসমূহের প্রাসঙ্গিকতা বজায় রাখা অত্যন্ত জরুরী। প্রয়োজনে নূতন নূতন নীতি অন্তর্ভুক্ত করা যাইতে পারে।

**(৩) অনুচ্ছেদ অনুযায়ী করণীয়**

এই অনুচ্ছেদে নিরাপত্তা নীতি সংক্রান্ত কৌশলসমূহ বর্ণনা করা হইয়াছে। কার্যকরভাবে তথ্য সম্পদের সুরক্ষা দেবার লক্ষ্যে তথ্য নিরাপত্তা নীতিসমূহ প্রণয়ন করা একটি সংস্থার সারা জীবনব্যাপী কাজ। বিভিন্ন ধরনের হুমকি হইতে মূল্যবান তথ্যসম্পদের নিরাপত্তা প্রদানের জন্য সংস্থাসমূহ কর্তৃক অবশ্যই এই অনুচ্ছেদে বর্ণিত ধাপগুলো অনুসরণ করিতে হইবে। অনুচ্ছেদ ৭.৯ এ বর্ণিত করণীয় বিষয়সমূহ পূর্বে বর্ণিত কৌশলগুলোর ধাপসমূহেরই অংশবিশেষ। এই নির্দেশিকা পত্রটি ব্যবহারকারীদের কোন কাজটি আগে করিতে হবে সে বিষয়ে বিভ্রান্ত না হওয়ার জন্য সতর্ক থাকিতে হইবে। যাহারা কোন সংস্থার জন্য তথ্য নিরাপত্তা নীতি প্রণয়ন করিতে চাহেন, তাহারা ৮.১ অনুচ্ছেদে বর্ণিত ধাপসমূহ হইতে শুরু করিবেন। অন্যান্য অনুচ্ছেদগুলো এই ৬ (ছয়) টি ধাপ সম্পন্ন করিতে সাহায্য করিবে।

**৯। ঝুঁকি, হুমকি ও অরক্ষিত অবস্থা**

(১) নিরাপত্তা পলিসি প্রণয়নের সময় প্রত্যেক প্রতিষ্ঠান বা সংস্থাকে সম্ভাব্য এমন সকল ঝুঁকির বিষয়ে সতর্ক থাকিতে হইবে যাহা তাহাদের তথ্য সম্পদের নিরাপত্তা বিঘ্নিত করিতে পারে। তাহাদের তথ্য সম্পদ নষ্ট করিয়া দিতে পারে এমন হুমকি ও অরক্ষিত অবস্থা সম্পর্কেও প্রতিষ্ঠান বা সংস্থার স্পষ্ট ধারণা থাকিতে হইবে। তথ্য সম্পদের যথাযথ সংরক্ষণের জন্য ঝুঁকি, হুমকি ও অরক্ষিত অবস্থা সম্পর্কে সুস্পষ্ট ধারণা অপরিহার্য। এই অনুচ্ছেদ সংস্থাকে হুমকি, ঝুঁকি ও অরক্ষিত অবস্থা সম্পর্কে জানিতে এবং উহা চিহ্নিত ও বিশ্লেষণ করিতে সাহায্য করিবে।

**২। ঝুঁকি, হুমকি ও অরক্ষিত অবস্থা সম্পর্কে ধারণা****(ক) ঝুঁকিঃ**

কোনো অরক্ষিত অবস্থা থাকার সুযোগে উদ্ভূত হুমকি হইতে তথ্য সম্পদ হারানো, ক্ষতি বা ধ্বংসের সম্ভাবনা (হইতে পারে আবার নাও হইতে পারে)। ঝুঁকি হ্রাসের জন্য ঝুঁকি চিহ্নিতকরণ এবং মাঝে মধ্যে ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়াকরণ করা প্রয়োজন। সংস্থাকে তাহাদের তথ্য সম্পদের সম্ভাব্য ক্ষতি সাধন করিতে পারে এমন বড় বড় ঝুঁকি সম্পর্কে অবহিত থাকিতে হইবে। বড় বড় ঝুঁকি/দুর্বলতার কারণসমূহ হইলঃ

- ক. নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য অপরিপূর্ণ ব্যবস্থা
- খ. তথ্য শ্রেণিকরণকৃত না থাকা

- গ. অসম্পূর্ণ তথ্য নিরাপত্তা পলিসির অনুসরণ
- ঘ. নিরাপত্তা সতর্কতার অভাব
- ঙ. তথ্য ব্যবস্থায় দুর্বল প্রবেশাধিকার নিয়ন্ত্রণ
- চ. দাণ্ডরিক কোনো পলিসি না থাকা এবং পরিবীক্ষণ (Monitoring)/অনুপ্রবেশ অনুসন্ধানকারী বা ইন্সিডেন্ট মোকাবিলার জন্য টিম না থাকা
- ছ. পরিচালনা কার্যক্রম (Operating procedures) লিপিবদ্ধ না থাকা
- জ. কর্মচারীবৃন্দ পর্যাপ্তভাবে পরিচিতি না থাকা এবং পরিদর্শনকারীদের বাধাহীন বিচরণের সুযোগ থাকা
- ঝ. ভূমিকম্পপ্রবণ এলাকায় ভবন অবস্থিত হওয়া
- ঞ. ভবন বন্যাপ্রবণ এলাকায় অবস্থিত হওয়া কিংবা পানি নিষ্কাশন ব্যবস্থা না থাকায় সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকা
- ট. অগ্নি প্রতিরোধক ব্যবস্থা না থাকা, ইত্যাদি।

(খ) হুমকিঃ

হুমকি এমন কোনো অনাকাঙ্ক্ষিত ইন্সিডেন্টের সম্ভাব্য কারণ যাহা কোন সিস্টেম-এর বা প্রতিষ্ঠানের তথ্য সম্পদের ক্ষতি সাধনকরিতে পারে। হুমকি এমন কিছু যাহা উদ্দেশ্যমূলকভাবে বা আকস্মিকভাবে অরক্ষিত ব্যবস্থার সুযোগ গ্রহণ করিয়া সম্পদ নষ্ট বা ধ্বংস করিতে পারে। প্রাকৃতিক বিপর্যয়ের কারণে বা সংস্থার ভিতরে কিংবা বাহিরের উদ্দেশ্যমূলক বা আকস্মিক কর্মকাণ্ডের ফলে হুমকির সৃষ্টি হয়। তথ্য সম্পদে বা তাহাদের সহায়ক অবকাঠামোতে (হার্ডওয়্যার কিংবা সফটওয়্যার) অরক্ষিত অবস্থার কারণে অধিকাংশ হুমকির ঘটনা ঘটে। নিরাপত্তা হুমকির কারণে অনাকাঙ্ক্ষিত যে সকল ঘটনা ঘটিতে পারে তাহা হইলঃ

- ক. অননুমোদিত অনুপ্রবেশ
- খ. তথ্য প্রকাশ
- গ. আইনগত দুর্বলতার কারণে হুমকি
- ঘ. অন্তর্ঘাতী কাজ
- ঙ. নিরাপত্তা সতর্কতার অপ্রতুলতা
- চ. দুর্বল নিরাপত্তা পলিসি
- ছ. প্রতারণা
- জ. অত্যাধিক কাজের চাপ

- ঝ. সেবা গ্রহণে প্রতিবন্ধকতার উপস্থিতি (Denial of Service)
- ঞ. ঠকানো (Spoofing)
- ট. সর্বক্ষণ পরিলক্ষিত হুমকি (Advanced persistent threat)
- ঠ. ত্রুটিযুক্ত এপ্লিকেশন (Application with bugs)
- ড. আড়িপাতা ইত্যাদি।
- ঢ. পরিচিতি আত্মসাত (Identity Theft)
- ণ. ডিএনএস নিরাপত্তা হুমকি (DNS Security Threat)

(গ) অরক্ষিত অবস্থা

অরক্ষিত অবস্থা হইলে ত্রুটি বা দুর্বলতা যাহা কোনো সংস্থার সম্পদ বা সামর্থের সহিত সম্পৃক্ত। ইহা এক বা একাধিক কারণে সৃষ্ট হুমকির দ্বারা সম্পদের ক্ষতি করিতে পারে এমন অবস্থা। সুতরাং যে অরক্ষিত অবস্থা কোনো সম্পদের ক্ষতির হুমকি সৃষ্টি করিতে পারে না তাহা নিরাপত্তা ঝুঁকি হিসাবে গণ্য হইবে না। সাধারণত নিম্নলিখিত কারণে অরক্ষিত অবস্থা লক্ষ্য করা যায় :

- ক. ত্রুটিপূর্ণ পদ্ধতি
- খ. স্বল্প দক্ষ কর্মচারী,
- গ. ত্রুটিযুক্তভাবে স্থাপিত বা ত্রুটিযুক্ত প্রযুক্তি।

(ঘ) অরক্ষিত অবস্থাকে কাজে লাগাইবার জন্য একটি হুমকিকে অরক্ষিত অবস্থার যুগোপ গ্রহণের মত পরিস্থিতি থাকিতে হইবে। তথ্য সংশ্লিষ্ট নিরাপত্তার জন্য “জানিবার লক্ষ্যে প্রয়োজন” (Need to Know) নীতি অনুসরণ করিয়া জনবল ও প্রযুক্তি উভয় ক্ষেত্রে প্রয়োগ করিতে হইবে। সংস্থার জন্য ইহা গুরুত্বপূর্ণ হইবে যে অরক্ষিত অবস্থা সম্পর্ক জানা এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করা। সম্ভবত অধিকাংশ অরক্ষিত অবস্থা হইল “সোশাল ইঞ্জিনিয়ারিং”-এর প্রতি কর্মচারীদের সংবেদনশীলতা। সকল কর্মচারীর জন্য নিরাপত্তা সচেতনতা একটি গুরুত্বপূর্ণ রক্ষাকবচ। সংশ্লিষ্ট সম্পদের আলোকে অরক্ষিত অবস্থাকে নিম্নলিখিতভাবে শ্রেণীবিন্যাস করা যায় :

- ক. প্রাতিষ্ঠানিক,
- খ. কর্মচারী সংশ্লিষ্ট,
- গ. পরিবেশগত,
- ঘ. হার্ডওয়্যার, সফটওয়্যার ও নেটওয়ার্ক সংক্রান্ত,
- ঙ. স্পেস সংক্রান্ত।

(৩) ঝুঁকি, হুমকি ও অরক্ষিত অবস্থা সনাক্তকরণ

কোনো সংস্থার তথ্য সম্পদসমূহকে অরক্ষিত অবস্থার কারণে উদ্ভূত হুমকির জন্য সৃষ্ট ঝুঁকি (যাহা তথ্য সম্পদ হারানো বা নষ্টের কারণ হইতে পারে) হইতে রক্ষার জন্য তথ্য নিরাপত্তা পলিসি প্রয়োজন। প্রায়শই লক্ষ্য করা যায় যে, বেশিরভাগ সংস্থাই ঝুঁকি, হুমকি ও অরক্ষিত অবস্থার সংজ্ঞাকে একত্রিত

করিয়া ফেলে। ঝুঁকি, হুমকি ও অরক্ষিত অবস্থা একই ধরনের অর্থ বহন করে এমন পরিভাষা নহে। এই তিনটি বিষয় পরিস্কারভাবে বুঝিবার সুবিধার্থে তথ্য সম্পদ, ঝুঁকি, হুমকি ও অরক্ষিত অবস্থায় তুলনামূলক সংজ্ঞাসমূহ নিম্নে উপস্থাপন করা হইলঃ

তথ্য সম্পদ	হুমকি	অরক্ষিত অবস্থা	ঝুঁকি
তথ্য সম্পদ এমন কিছু যাহা সংস্থা রক্ষা করিবার চেষ্টা করে।	যাহা হইতে কোনো সংস্থা তাহার তথ্য সম্পদ রক্ষা করিবার চেষ্টা করিয়া থাকে, তাহাই হুমকি।	কোনো সংস্থার সংরক্ষণ ব্যবস্থার মধ্যে যে দুর্বলতা বা ঘাটতি থাকে তাহারই অরক্ষিত অবস্থা।	অরক্ষিত অবস্থাজনিত হুমকির ফলে তথ্য সম্পদের যে ক্ষতি ঘটয়া থাকে অথবা বিনষ্ট হইবার সম্ভাবনা থাকে, তাহাই ঝুঁকি

প্রতিটি সংস্থার জন্য তাহাদের স্ব স্ব তথ্য ব্যবস্থার ঝুঁকি, হুমকি ও অরক্ষিত অবস্থা সনাক্ত করিয়া সেই অনুযায়ী নিরাপত্তা নিয়ন্ত্রণ প্রয়োগ করা খুবই গুরুত্বপূর্ণ। তথ্যের শ্রেণিকরণ ও তথ্যের অবস্থা সংস্থার ঝুঁকি পরিমাপকরণ এবং নিরাপত্তা নিয়ন্ত্রণ প্রয়োগের কাজ সহজতর করিবে। ঝুঁকির মাত্রার তীব্রতা অনুযায়ী কোন সংস্থা তাহার সনাক্তকৃত সকল ঝুঁকির পরিমাপ নির্ধারণ করিবে। এই পরিমাপ নির্ধারণী বিষয়কে সংখ্যা ভিত্তিক স্কেলের মাধ্যমে সংজ্ঞায়িত করিতে হইবে এবং '০' হইতে '১০' পর্যন্ত মান ব্যবহার করা যাইতে পারে, যেখানে '০' সর্বনিম্ন মান এবং '১০' সর্বোচ্চ মান।


#### (৪) ঝুঁকি ব্যবস্থাপনা

ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়ার উদ্দেশ্য হইল হুমকি ও অরক্ষিত অবস্থা চিহ্নিত করিয়া তথ্য সম্পদের সংরক্ষণ নিশ্চিত করিবার জন্য প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা। ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়া অভ্যন্তরীণ ও বহিঃ সম্পদের মাধ্যমে সম্পন্ন করা যাইতে পারে। সংস্থাকে ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়া শুরু করিবার পূর্বে যেসকল বিষয় বিবেচনায় রাখিতে হইবে তাহা হইল :

- ক. নেটওয়ার্ক ও সফটওয়্যার ডিজাইন ও উন্নয়ন;
- খ. পরিবর্তন ব্যবস্থাপনা;
- গ. ভৌত নিরাপত্তা, প্রবেশাধিকার নিয়ন্ত্রণ;
- ঘ. বাহিরের অরক্ষিত অবস্থা বা অভ্যন্তরীণ অরক্ষিত অবস্থা;
- ঙ. সংরক্ষণ ও ব্যাকআপ কৌশল, পূর্ব অবস্থায় ফিরাইয়া আনার ব্যবস্থা ও পরীক্ষাকরণ;
- চ. অনির্ধারিত ঘটনার পরিকল্পনা/পরীক্ষা (দুর্যোগ পরবর্তী তথ্য পুনরুদ্ধার/কার্যক্রমের ধারাবাহিকতা);
- ছ. তথ্য প্রেরণ,
- জ. অপ্রয়োজনীয় তথ্য সম্পদ অপসারণ,
- ঝ. কর্মীদের দক্ষতা,
- ঞ. ইন্সিডেন্ট ব্যবস্থাপনার ইতিহাস,
- ট. সিস্টেম অডিটকরণ ইত্যাদি।



(৫) কোনো সংস্থার তথ্য নিরাপত্তা পলিসি প্রণয়নের জন্য তাহার ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়া অবশ্যই নিরূপণ করিতে হইবে। ঝুঁকি ব্যবস্থাপনার ক্ষেত্রে ইউরোপীয় ইউনিয়ন ভিত্তিক CORAS প্রকল্প কর্তৃক এএস/এনজেডএস ৪৩৬০:২০০৪ এবং আইএসও/আইইসি ৩১০০০:২০০৯ মডেলের উপর ভিত্তি করিয়া ভালো ও গ্রহণযোগ্য মডেল প্রণয়ন করা হইয়াছে। বাংলাদেশের যে কোন সংস্থা এই মডেলটি গ্রহণ করিতে পারে অথবা তারা নিজস্ব কোন মডেল তৈরি করিতে পারে।



### চিত্র-১ ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়া

চিত্রে ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়া চক্রে ৫ (পাঁচ) টি ধাপ উল্লেখ করা হইয়াছে। ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়ার প্রতিটি ধাপের কার্যকারিতা ও উন্নয়নের জন্য উল্লম্বভাবে উপস্থাপিত কলামে পরিবীক্ষণ ও পুননিরীক্ষণ এবং যোগাযোগ ও পরামর্শ প্রয়োজনীয়। ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়ার ধাপগুলি হইল :

#### (৬) ঝুঁকির ক্ষেত্র সনাক্তকরণ

প্রসংগ সাব্যস্ত করিবার উদ্দেশ্য হইল বিশ্লেষণের উদ্দেশ্য ও তাহার পরিবেশকে চিহ্নিতকরণ। বাহ্যিক, অভ্যন্তরীণ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক ক্ষেত্র হইতে পারে যাহাতে প্রক্রিয়ার অবশিষ্ট অংশ সম্পন্ন হইবে। যে সকল বৈশিষ্ট্যের ঝুঁকি মূল্যায়িত হইবে তাহাদের সাব্যস্ত করিতে হইবে এবং বিশ্লেষণের কাঠামো সুস্পষ্টভাবে ব্যাখ্যা করিতে হইবে।

#### (৭) ঝুঁকি চিহ্নিত করা

এই ধাপে সংস্থাকে কোথায়, কখন, কেন ও কিভাবে কোন ইন্সিডেন্ট ঘটিতে পারে তাহা চিহ্নিত করিতে হইবে, অর্থাৎ হুমকি সনাক্তকরণ যাহা বা যে অবস্থা ইন্সিডেন্ট ঘটাইতে পারে তাহা চিহ্নিতকরণই অরক্ষিত অবস্থা সনাক্তকরণ। ইহা করিবার সময় তথ্যসম্পদের শ্রেণিকরণ সম্পন্ন করার বিষয়ে সুপারিশ প্রদান করা হইল।

#### (৮) ঝুঁকি বিশ্লেষণ করা

এই ধাপে, সংস্থা তাহার ঝুঁকি পরিমাপ করিবে। এইখানে সংস্থা তাহার বিরাজমান নিয়ন্ত্রণকে চিহ্নিত ও মূল্যায়ন করিবে। তারপর সংস্থাটি পরিণতি ও সম্ভাব্যতা নির্ধারণ করিবে এবং তাহাই হইল উহার ঝুঁকির মাত্রা। এই বিশ্লেষণে সম্ভাব্য ফলাফল এবং কিভাবে এই সকল ঘটিতে পারে তাহা বিবেচনা করিতে হইবে।

#### (৯) ঝুঁকি মূল্যায়ন করা

ঝুঁকিকে কিভাবে বিবেচনা করিতে হইবে সেই সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করিবার ক্ষেত্রে এইটি একটি খুবই গুরুত্বপূর্ণ ধাপ। এই ধাপে, ঝুঁকি বিশ্লেষণের ফলাফলের উপর ভিত্তি করিয়া সংস্থা ঝুঁকিসমূহকে বিভাবে বিবেচনা করিবে সেই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবার জন্য ঝুঁকির ফলাফল ও তাহার সহিত সংশ্লিষ্ট ঝুঁকির মানসমূহের একটি মানচিত্র তৈরি করিবে। সেই ক্ষেত্রে কিছু ঝুঁকি বিবেচনায় আসিবে যাহার মধ্যে কোনো ব্যবস্থা গ্রহণ করিবার প্রয়োজন নাই। এইখানে সংস্থা ঝুঁকি নিরসনের ক্ষেত্রে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করিবে।

#### (১০) ঝুঁকি অপসারণ করা

পূর্ববর্তী ধাপসমূহ হইতে প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংস্থা কার্যকর পরিকল্পনা ও ঝুঁকি নিরসনের পদ্ধতি প্রণয়ন করিতে পারিবে। সর্বোচ্চ দক্ষতা কাজে লাগাইয়া সর্বনিম্ন ব্যয়ে বাস্তবায়নযোগ্য। যোগ্য পরিকল্পনা প্রস্তুত করিবার জন্য সর্বদাই সুপারিশ করা হইয়া থাকে। ঝুঁকি নিরসন কাজের মধ্যে ঝুঁকি এড়াইয়া যাওয়া, ঝুঁকি স্থানান্তর করা, কিছু ঝুঁকি রাখিয়া দেওয়া, সম্ভাব্যতার পরিবর্তন ও ঝুঁকির পরিণতি প্রভৃতি বিষয় অন্তর্ভুক্ত।

**(১১) ঝুঁকি ব্যবস্থাপনা আদর্শ কাঠামো (Template)**

সংস্থাকে ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়ার জন্য অবশ্যই একটি মানদণ্ড তৈরি করিতে হইবে এবং এই ঝুঁকি বিশ্লেষণে কোনো একটি সংস্থার সারা জীবনব্যাপী সময়ের মধ্যে অবশ্যই একটি নির্দিষ্ট সময়ভিত্তিক প্রক্রিয়া থাকিতে হইতে হইবে। ঝুঁকি ব্যবস্থাপনার গ্রহণযোগ্য কাঠামো হইল ক্ষেত্রসংবলিত একটি সাধারণ ফরম যাহাকে কোনো সংস্থা সময়ে সময়ে ঝুঁকি বিশ্লেষণ সম্পন্ন করিবার মাধ্যমে পূরণ করিবে। এই গাইডলাইনে একটি নমুনা কাঠামো উপস্থাপন করা হইল :

তথ্য সম্পদ		হুমকি বিশ্লেষণ		অরক্ষিত অবস্থা বিশ্লেষণ		ঝুঁকি বিশ্লেষণ		উত্তরণের জন্য করণীয় কর্মপরিকল্পনা	মন্তব্য
বিস্তারিত	শ্রেণি ও অবস্থা	নাম	বিস্তারিত	নাম	বিস্তারিত	বিস্তারিত	মাত্রা		

**(১২) অনুচ্ছেদ অনুযায়ী করণীয়**

